

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

চৌহালী, সিরাজগঞ্জ।

পত্র নম্বর: ৩৩.০২.৮৮২৭.৫০১.২২.০০০.০৮- ৫০

তারিখ: ৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ
১৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ

“ নিলাম বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২৪.০৭.২০২৫ খ্রি. তারিখে মৎস্য আইন বাস্তবায়ন ও মৎস্য সম্পদ সংরক্ষণে উপজেলা টার্মফোর্স কমিটির নির্দেশনা মোতাবেক অভিযান পরিচালনাকালে ইলেক্ট্রো ফিশিং এর অবৈধ সরঞ্জামাদি (ব্যাটারী, কনভার্টার, চার্জার, ইলেকট্রিক শক স্টীক, টুসি জাল, তার) জব্দ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চৌহালী, সিরাজগঞ্জের বিগত ১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দের ০৫.৪৩.৮৮২৭.০০০.০১.০০১.২৫-৪২৬ নম্বর পত্র মোতাবেক Protection and Conservation of Fish Act, 1950 (Act No. XVIII of 1950) এর section 3 এর rule 10 1(b) অনুচ্ছেদের আওতায় উক্ত জব্দকৃত সরঞ্জামাদি নিলামকরণের জন্য নিম্নস্বাক্ষরকারীকে দায়িত্ব প্রদান করা হয়। এমতাবস্থায় নিলামে আগ্রহী প্রকৃত বাংলাদেশী ফ্রেতা/ প্রতিষ্ঠান/ ঠিকাদারগণ আগামী ১০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শন করে স্বশরীরে উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ থাকে যে, নিলামে উপস্থাপিত/ গৃহীত ডাকের টাকার সাথে অতিরিক্ত ভ্যাট ১৫% ও আয়কর ১০% সর্বমোট ২৫% টাকা তাৎক্ষণিকভাবে যথাস্থানে প্রদান করতে হবে।

উন্মুক্ত নিলামে বিক্রয়যোগ্য মালামালের তালিকা:

ক্র:নং	মালামালের নাম	পরিমাণ	যে স্থানে রক্ষিত আছে	মন্তব্য
১	ব্যাটারী (হোমকো, ২০০ মিলি অ্যাম্পিয়ার)	০২ টি	উপজেলা নির্বাহী অফিসারের গোড়াউন, চৌহালী, সিরাজগঞ্জ।	
২	ব্যাটারী (রোড মাস্টার, ১২ ভোল্ট)	০১ টি		
৩	ব্যাটারী (হোমকো, ১০০ মিলি অ্যাম্পিয়ার)	০১ টি		
৪	কনভার্টার (জার্মানী, ১২ ভোল্ট)	০১ টি		
৫	চার্জার (বাংলাদেশ, ৪৮ ভোল্ট প্রতিটি)	০৩ টি		
৬	ইলেকট্রিক শক স্টীক	০১ টি		
৭	টুসি জাল	০২ টি		
৮	তার (অকেজো)	১০ ফুট		

“ শর্তাবলী ”

- ১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাকে অংশগ্রহণের পূর্বে ২,৫০০/- (আড়াই হাজার টাকা) নিলাম ডাককারীর নিকট জমা প্রদানপূর্বক ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। নিলামের ডাক সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের গোড়াউন, চৌহালী, সিরাজগঞ্জের সম্মুখে অনুষ্ঠিত হবে।
- ৩। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাক শেষ হবার সাথে সাথেই সম্পূর্ণ নিলাম মূল্য পরিশোধ করতে হবে।
- ৪। নিলাম ডাকের উপর সরকারিভাবে প্রচলিত আয়কর ও ভ্যাট প্রদানযোগ্য বা প্রযোজ্য হবে।
- ৫। নিলাম ডাকের ব্যাপারে যেকোন বিষয়ে উপজেলা নিলাম কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


৩.০৭
২০২৫

(মো: তানভীর হাসান মঞ্জুমদার)

উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

মৎস্য সংরক্ষণ অভিযান পরিচালনাকালে জব্দকৃত মালামালের নিলাম কমিটি
চৌহালী, সিরাজগঞ্জ।

সদস্য অবগতি ও কার্যার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
- ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (নির্বাহী ম্যাজিস্ট্রেট) ও সভাপতি, মৎস্য সংরক্ষণ অভিযান পরিচালনাকালে জব্দকৃত মালামালের নিলাম কমিটি, চৌহালী, সিরাজগঞ্জ।
- ৫। অফিসার ইন চার্জ, চৌহালী থানা, চৌহালী, সিরাজগঞ্জ।
- ৬। উপজেলা অফিসার (সংশ্লিষ্ট), চৌহালী, সিরাজগঞ্জ।
- ৭। নথি।